# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা ।

তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)

নগর সমন্বয় কমিটির (TLCC) ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

**(৩১-১২-২০১৭ ইং)**

| সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন | সভার তারিখ ঃ ৩১-২০১৭ ইং | সভার সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা | সভাপতি ঃ জনাব মো ঃ একরামুল হক মুক্তা, প্যানেল মেয়র-০১, চুয়াডাঙ্গা পৌরসভা |
|---|---|---|---|

সভায় সম্মানীত সদস্যদের উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

আলোচ্যসূচী - ১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

| বিগত সভার কার্যবিবরণী পাঠ | কার্যবিবরণী সঠিক ভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন জনাব কাজী শরিফুল ইসলাম, সদস্য-সচিব, TLCC ও সচিব, চুয়াডাঙ্গা পৌরসভা। | বিগত সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ কার্যবিবরণীতে সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে। | কোন সংশোধনীর প্রয়োজন নাই। | সভায় সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়। |

**আলোচ্যসূচী - ২ ঃ বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

**ক্ষেত্র - ১ ঃ নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ (Citizen Awareness and Participation)**

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ক)TLCC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন-২০০৯ এর ১১৫ ধারা) | আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৭ ইং তারিখের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা করা হবে ।<br>• TLCC এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে অনুরোধ জানানো হয়।<br>TLCC এর সম্মানিত সদস্যবৃন্দদের নিয়মিত উপস্থিত থাকার বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য মতামত দেন।<br>• পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে।<br>সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে । | অদ্যকার সভার সভাপতি জনাব মো ঃ ওবায়দুর রহমান চৌধুরী, মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা সভার শুরুতেই সবাইকে শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্য রাখেন। এবং কমিটির সকল সদস্যকে যথা সময়ে হাজির হওয়ার জন্য অসুরোধ করেন। পৌরসভায় যেহেতু UGIIP-III প্রকল্পের অর্ন্তরভুক্ত সেজন্য প্রকল্পের নির্দেশনা মেনে অত্র পৌরসভার সার্বিক উন্নয়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।<br>আলোচনার শুরুতেই সচিব সাহেব জানান পৌরসভার আইন, ২০০৯ এর ১৫ ধারা অনুযায়ী চুয়াডাঙ্গা পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা করার ০৭ দিন পূর্বে সকল সদস্যদের মধ্যে নোটিশ ও কার্যপত্র বিতরণ করা সহ সভা চলমান আছে। | আগামী ৩১ মার্চ ২০১৮ ইং তারিখের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে **TLCC** সভা করা হবে ।<br>• **TLCC** এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে অনুরোধ জানানো হয়।<br>**TLCC** এর সম্মানিত সদস্যবৃন্দদের নিয়মিত উপস্থিত থাকার বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য মতামত দেন।<br>• পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে।<br>সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং **PMO** তে প্রেরন করা হবে । | মেয়র/সচিব |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ২ | খ) WC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১৪ ধারা) | আগামী ৩০ ডিসেম্বর ২০১৭ তারিখের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে ৪র্থ কোয়ার্টারের WC-র সভা শেষ করা হবে ।<br>পরবর্তী সভায় সিদ্ধান্তবাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে ।<br>সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে ।<br>বিভিন্ন ওয়ার্ডের WC এর সভা থেকে চিহ্নিত সমস্যা সমাধানের জন্য পৌর পরিষদের সভায় আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌরসভা আইন ২০০৯ এর ১৪ ধারা অনুযায়ী অত্র পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা করার কাজ চলমান রাখা হয়েছে।<br>সভার সভাপতি মহোদয় সভায় আলোচনাকালে বলেন WC সভা সঠিক সময়ে করতে হবে এং সভার সিদ্ধান্ত সমুহ TLCC সভায় উপস্থাপন করতে হবে।<br>অক্টোবর-ডিসেম্বর-২০১৭ ত্রৈমাসিক WC-র সভা সম্পন্ন করা সহ সভার কার্যবিবরনী তৈরী করা হয়েছে। WC-র সভা থেকে আগত বিভিন্ন গুরুত্বপূর্ণ সমস্যগুলো চিহ্নিত করা হয়েছে এবং পৌর পরিষদের সভায় আলোচনা সাপেক্ষে সমস্যাগুলো চিহ্নিত করে সমাধানের উদ্যোগ গ্রহন করা হবে। | আগামী ৩১ মার্চ ২০১৮ তারিখের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে ৪র্থ কোয়ার্টারের WC-র সভা শেষ করা হবে ।<br>পরবর্তী সভায় সিদ্ধান্তবাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে ।<br>সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে ।<br>বিভিন্ন ওয়ার্ডের WC এর সভা থেকে চিহ্নিত সমস্যা সমাধানের জন্য পৌর পরিষদের সভায় আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী/ সহকারী প্রকৌশলী |
| ৩ | গ) নাগরিক সনদ (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | নাগরিক সনদ(CC) প্রদর্শন বা স্থাপন করার বিষয়ে আগামীতে এটার কোন সংশোধন আসলে আপডেট করে স্থাপন করার বিষয়ে কতিপয় সদস্য মতামত দেন।<br>পৌরসভা অফিস এবং অন্যান্য স্থনে প্রর্দশনের স্থির চিত্র PMO তে প্রেরন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | TLCC সদস্য প্যানেল মেয়র জনাব মোঃ একরামুল হক মুক্তা বলেন শহরের গুরুত্বপূর্ণ স্থান বিশেষ করে রড়বাজার শহীদ হাসান চত্তর মোড়, একাডেমী মোড় এবং রেলস্টেশন মোড়ে নাগরিক সনদ(CC) প্রদর্শন বা স্থাপন করায় পৌরপরিষদকে ধন্যবাদ দেন এবং আরো ০২ টি স্থানে নাগরিক সনদ(CC) প্রদর্শন বা স্থাপন করার জন্য পৌরসভাকে পরামর্শ দিয়েছিলেন কিন্তু অণিবার্যকারণ:বশত ০২ টি স্থানে নতুনভাবে নাগরিক সনদ(CC) স্থাপন করে প্রদর্শন করা সম্ভব হয়নি। তবে অচিরেই নাগরিক সনদ(CC) স্থাপন করা হবে। | নাগরিক সনদ(CC) প্রদর্শন বা স্থাপন করার বিষয়ে প্রকল্প অফিস হতে সংশোধন বা আপটেড করে স্থাপন করার বিষয়ে চিঠি প্রেরণ করেছেন।<br>নাগরিক সনদ(CC) সংশোধন করে পৌরসভা অফিস এবং অন্যান্য স্থনে প্রর্দশনের স্থির চিত্র PMO তে প্রেরন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র/সচিব ও গণমাধ্যম সেলের সভাপতি |
| ৪ | ঘ) তথ্য ও অভিযোগ প্রতিকার (সেল গঠন ও কার্যকর রাখা) | • সুনির্দিষ্ট অভিযোগ নথিভূক্ত ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হবে।<br>• প্রতি সপ্তাহের বৃহস্পতিবার GRC-র সভাপতি ও একজন TLCC-র সদস্যের উপস্থিতিতে অভিযোগ বক্স খোলার সিদ্ধান্ত হয়।<br>সমাধানকৃত অভিযোগসমূহের সিধান্ত অভিযোগকারীকে ও পৌরপরিষদের মাসিক সভায় এবং ওয়েব সাইটে প্রকাশের সিধান্ত গৃহিত হয় । | অভিযোগ বাক্স স্থাপন করা আছে এবং ত্রৈমাসিক(অক্টোবর-ডিসেম্বর ২০১৭) পর্যন্ত পুরুয়-মহিলা সহ ০৪ টি অভিযোগ জমা পড়ে প্রাপ্ত অভিযোগ গুলি রেজিস্টারে সংরক্ষণ করা হয়েছে। সকল অভিযোগ GRC কমিটি কর্তৃক বিবেচনায় নিয়ে উভয় পক্ষের উপস্থিতিতে উক্ত ০৪ টি অভিযোগ নিস্পত্তি করা হয়েছে।<br>সমাধানকৃত অভিযোগসমূহের বিবরণ পৌরপরিষদের মাসিক সভায় আলোচনা করা হবে।<br>(উপস্থাপনা- জনাব মো ঃ একরামুল হক মুক্তা , আহবায়ক, GRC) | • সুনির্দিষ্ট অভিযোগ নথিভূক্ত ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হবে।<br>• প্রতি সপ্তাহের বৃহস্পতিবার GRC-র সভাপতি ও একজন TLCC-র সদস্যের উপস্থিতিতে অভিযোগ বক্স খোলার সিদ্ধান্ত হয়।<br>সমাধানকৃত অভিযোগসমূহের সিধান্ত অভিযোগকারীকে ও পৌরপরিষদের মাসিক সভায় এবং ওয়েব সাইটে প্রকাশের সিধান্ত গৃহিত হয় । | জিআরসি কমিটি/সভাপতি গণমাধ্যম সেল |

## ক্ষেত্র - ২ । নগর পরিকল্পনা (Urban Planning)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ৫. | ক)পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন | প্রকল্পের ২য় পর্যায়ের কাজের অগ্রগতিতে সন্তোস প্রকাশ করা সহ কাজের গুনগত মান বজায় রাখার সিদ্ধান্ত এবং নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করার সিদ্ধান্ত হয়।<br>এছাড়াও সরকারী উন্নয়ন সহায়তার আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প বাছাই করা হয়েছে। অতি সত্তর প্রকল্প বাস্তবায়ন করার জন্য দরপত্র আহব্বান করা হবে।<br>এছাড়াও নির্বাহী প্রকৌশলী Package No-UGIIP-III-I/CHUA/UT+DR/01/2015 দর পত্রের বর্তমান অবস্থা সম্পর্কে বলেন-<br>Lot -01 ভুক্ত (ক) রাস্তা ও ড্রেন নির্মাণ কাজ সম্পাদনকালে বাস্তবতার আলোকে কিছু সংখ্যক রাস্তার দৈর্ঘ্য প্রস্থের পরিবর্তন প্রয়োজন পড়ে যেমন-R-7 এ শুধুমাত্র ১২ মিমি সিলকোট ধরা ছিল। বাস্তব অবস্থায় ১২ মিমি সিলকোট দ্বারা মেরামত করা যুক্তি-যুক্ত হবে না মর্মে কনসালটেন্টগন সরজমিনে তদন্ত পূর্বক মৌখিক মতামত দেন। সেই প্রেক্ষিতে ২৫ মিমি কার্পেটিং করা হয়। ফলে কিছুটা ব্যয় বৃদ্ধি হয়।<br>(খ) ড্রেনের গভীরতা পরিবর্তন হওয়ায় জন-স্বার্থ বিবেচনায় দৈর্ঘ্য কম বেশী করা হয়। জনস্বার্থে কিছু ড্রেনের উপর স্লাব দেওয়া হয়। উল্লেখ্য রাস্তার দৈর্ঘ্য কম বা বেশী এবং ড্রেনেরে উপর স্লাব দেওয়ায় চুক্তি মুল্য বৃদ্ধি পাবে না। জন-স্বার্থে Re-Cast Estgmate অনুমোদন দেওয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সকল বিষয়ে আলোচনার পর জন-স্বার্থ বিবেচনায় অত্র সভা সর্বসম্মতিক্রমে Re-Cast Estgmate অনুমোদন দেওয়ার জন্য প্রকল্প পরিচালক মহেদয়কে অনুরোধ করেন।<br>Lot -02 তে বর্ণিত রাস্তা ও ড্রেন নির্মাণ কাজ সম্পাদনকালে বাস্তবতার আলোকে কিছু সংখ্যক রাস্তার দৈর্ঘ্য প্রস্থের পরিবর্তন প্রয়োজন পড়ে এবং ড্রেনের গভীরতা পরিবর্তন হওয়ায় জন-স্বার্থ বিবেচনায় দৈর্ঘ্য কম বেশী করা হয়। জনস্বার্থে কিছু ড্রেনের উপর স্লাব দেওয়া হয়। Lot -02 তে বর্ণিত R-10 তে ড্রেন নির্মান করায় ড্রেন পর্যন্ত রাস্তা প্রশস্ত করা এবং ৩” WBM Overlay করে রাস্তা ড্রেনের দিকে Slope করার জন্য PM-1ও QC মতামত | UGIIP-III প্রকল্পের বিষয়ে আলোচনাকালে নির্বাহী প্রকৌশলী সাহেব জানান UGIIP-III প্রকল্প হতে প্রকল্প তহবিলের আওতায় ২৫.১০ কোটি টাকার উন্নয়ন কাজের অগ্রগতি ২৫% এবং কাজের মান সন্তোষ জনক। তিনি আরো জানান UGIIP-III প্রকল্প হতে পানি সরবরাহ ব্যবস্থা উন্নয়নের জন্য প্রায় ১০.০০ কোটি টাকার প্রকল্প অনুমোদন দিয়েছেন। উক্ত বাস্তবায়নের জন্য দরপত্র আহব্বান করা হয়েছে।<br>এছাড়াও সহকারী প্রকৌশলী Sub-Project No--UGIIP-III-2/CHUA/UT+DR/01/2016 এর ০৯ নং ওয়ার্ডের-<br>D-3 Construction of RCC Drain<br>(a) Gulshan para road Kodom tola more to Shanti para road(ch-00-365.00 m)<br>(b) Gulshan para road Kamal mistri more to Shanti para road(ch-00-355.00m)<br>(c) Gulshan para a অংশ ও b অংশ সংযোগ ড্রেন ও আউট ফল ড্রেন গভীর না হওয়ায় প্রস্তাবিত ড্রেন নির্মান সম্ভব হচ্ছে না। সে কারনে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর, সংশ্লিষ্ট প্রকৌশলীবৃন্দ স্থান পরিবর্তন করে ০৯ নং ওয়ার্ডের ঈদগাহ পাড়া আভা ক্লিনিকের গলি ও প্রভাতি স্কুল গলিতে উক্ত ড্রেন নির্মান করার প্রস্তাবনা উপস্থাপনা করেন। | প্রকল্পের ২য় পর্যায়ের কাজের অগ্রগতিতে সন্তোস প্রকাশ করা সহ কাজের গুনগত মান বজায় রাখার সিদ্ধান্ত এবং নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করার সিদ্ধান্ত হয়।<br>এছাড়াও সরকারী উন্নয়ন সহায়তার আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প বাছাই করা হয়েছে। অতি সত্তর প্রকল্প বাস্তবায়ন করার জন্য দরপত্র আহব্বান করা হবে।<br>এছাড়াও সহকারী প্রকৌশলী Sub-Project No--UGIIP-III-2/CHUA/UT+DR/01/2016 এর ০৯ নং ওয়ার্ডের-<br>D-3 Construction of RCC Drain<br>(a) Gulshan para road Kodom tola more to Shanti para road(ch-00-365.00 m)<br>(b) Gulshan para road Kamal mistri more to Shanti para road(ch-00-355.00m)<br>(c) Gulshan para a অংশ ও b অংশ সংযোগ ড্রেন ও আউট ফল ড্রেন গভীর না হওয়ায় প্রস্তাবিত ড্রেন নির্মান সম্ভব হচ্ছে না। সে কারনে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর, সংশ্লিষ্ট প্রকৌশলীবৃন্দ স্থান পরিবর্তন করে ০৯ নং ওয়ার্ডের ঈদগাহ পাড়া আভা ক্লিনিকের গলি ও প্রভাতি স্কুল গলিতে উক্ত ড্রেন নির্মান করার প্রস্তাবনা উপস্থাপনা করেন এবং প্রকল্প পরিচালক মহোদয়কে স্থান পরিবর্তন করার অনুমোতি দেওয়ার জন্য অত্র সভা অনুরোধ করেন। | মেয়র/নির্বাহী প্রকৌশলী |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | দেন। সেই মোতাবেক Re-Cast করায় ব্যয় বৃদ্ধি পেয়েছে।<br>R-14 তে প্রসস্থ ৩ মিটারের স্থলে বাস্তবে ৪.৬ মিঃ থাকায় এবং রাস্তা অতিরিক্ত ক্ষতিগ্রস্থ হওয়ায় Team Leader ও QC তদন্ত করে WBM সহ কার্পেটিং এর পরামর্শ দেন। সে কারনে Re-Cast করায় ব্যয় বৃদ্ধি পেয়েছে।<br>এছাড়াও কুলচারা ব্রিকফিল্ড হইতে দিঘড়ী মুসলিমপাড়া মোড় ভায়া দিঘড়ী শৈগাড়ী মোড় পর্যন্ত ২৫০০ মিটার লাইন সহ ৭৮ টি পোল স্থাপনের কাজ ধরা ছিল। বাস্তবতার বিবেচনায় জনস্বার্থে কিছু পরিবর্তন এনে পোল সংখ্যা ৯৯ টি বৃদ্ধি করে কয়েকটি স্থানে পোল স্থাপন করা হয়। অতিরিক্ত পোল স্থাপনে চুক্তিমুল্য বৃদ্ধি হয় নাই। স্থাপিত পোলের বিবরণ নিম্ন-রুপ-<br>(১) দিঘড়ী রাস্তায় ৭০ টি।<br>(২) এতিমখানা রোড ০৫ টি।<br>(৩) সাতগাড়ী রোড ০৪ টি।<br>(৪) কুলচারা স্কুল রোড ০৪ টি।<br>(৫) নুর নগর সেলিম প্রফেসরের বাড়ীর পার্শ্বে ০২ টি।<br>(৬) থানা কাউন্সিলপাড়া হতে বেলগাছি রেলগেট পর্যন্ত ০৬ টি।<br>(৭) পুরাতন স্টেডিয়াম রোড ০৫ টি।<br>(৮) মুক্তা কাউন্সিলরের বাড়ীর পার্শ্বে ০৩ টি।<br>সভায় Lot-1 এবং Lot -02 এর সকল কাজের Re-Cast Estgmate বিস্তারিত আলোচনান্তে জন-স্বার্থ বিবেচনায় প্রকল্প পরিচালক মহেদয়কে অনুমোদন দেওয়ার জন্য সর্বসম্মতিক্রমে অনুরোধ করেন। | | | |
| ৬. | খ) উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন | উন্নয়ন কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে এ সকল উন্নয়ন কাজ তদারকি অব্যাহত রাখা সহ কাজের মান নিয়ন্ত্রনে আরও তৎপর হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এবং কমিটির ত্রৈ-মাসিক সভা যথা সময়ে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ত্রৈ-মাসিক ভিত্তিতে ২২-১১-২০১৭ তারিখ অক্টোবর-ডিসেম্বর/১৭ মাসে নগর পরিকল্পনা ইউনিটের সভা অনুষ্ঠিত হয় এবং সভাতে উন্নয়ন সংক্রান্ত সার্বিক বিষয় নিয়ে আলোচনা হয়। উন্নয়ন কাজের মান নিয়ন্ত্রনে সর্বাত্বক প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উন্নয়ন কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে এ সকল উন্নয়ন কাজ তদারকি অব্যাহত রাখা সহ কাজের মান নিয়ন্ত্রনে আরও তৎপর হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এবং কমিটির ত্রৈ-মাসিক সভা যথা সময়ে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র/নির্বাহী প্রকৌশল |
| ৭. | গ) বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M পরিকল্পনা প্রণয়ন | TLCC–র সদস্য জনাব মোঃ সিরাজুল ইসলাম, জনাব নাসির আহাদ জোয়ার্দার ,জনাব মোঃ আতিয়ার রহমান ও জনাব গোলাম মোর্তজা ও মোছাঃ রুমা বেগম এবং মোছাঃ সেলিনা পারভীন পৌরসভার উন্নয়ন কাজের গতি বৃদ্ধি সহ নতুন উন্নয়ন পরিকল্পনা গ্রহনের আহবান জানান।<br>জবাবে নির্বাহী প্রকোশলী জনাব মোঃ আয়ুব আলী | ইং ২০১৭-২০১৮ অর্থ বছরে পৌরসভার রাজস্ব বাজেটে O&M খাতে ৯০,৮৭,০০০/- টাকা বরাদ্ধ রাখা হয়েছে। পৌরসভার রাজস্ব বাজেট হতে বরাদ্ধ অনুযায়ী ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০১৭) ভিত্তিতে বরাদ্দকৃত বাজেট হতে O&M কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন খাতে মোট ১১,০৯,৯৫৯/- টাকা ব্যয় হয়েছে। | TLCC–র সদস্য জনাব মোঃ সিরাজুল ইসলাম, জনাব নাসির আহাদ জোয়ার্দার ,জনাব মোঃ মাহাবুবুর রহমান সেলিম ও কাউন্সিলর জনাব মো ঃ জাহাঙ্গীর আলম মালিক ও মোছাঃ নুরুন্নাহার কাকলী এবং মোছাঃ রুমা বেগম পৌরসভার উন্নয়ন কাজের গতি বৃদ্ধি সহ নতুন উন্নয়ন পরিকল্পনা গ্রহনের আহবান জানান। | নির্বাহী প্রকৌশলী/ সচিব/হিসাব রক্ষণ কর্মকর্তা |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | বিশ্বাস বলেন পর্যায়ক্রমে পৌরসভার রাজস্ব তহবিল ও প্রকল্প তহবিল হতে সকল উন্নয়ন কাজ বাস্তবায়ন করা হবে। বিস্তারিত আলোচনার পর উন্নয়ন কার্যক্রম সঠিক বাস্তবায়ন এবং ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | | জবাবে নির্বাহী প্রকোশলী জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস বলেন পর্যায়ক্রমে পৌরসভার রাজস্ব তহবিল ও প্রকল্প তহবিল হতে সকল উন্নয়ন কাজ বাস্তবায়ন করা হবে। বিস্তারিত আলোচনার পর উন্নয়ন কার্যক্রম সঠিক বাস্তবায়ন এবং ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

**ক্ষেত্র ৩। নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তিকরণ (Equity and Inclusiveness of Women and Urban Poor)**

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ৮. | ক) জেন্ডার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | TLCC-র অন্যতম সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছাঃ রুমা বেগম আলোচনায় অংশ নিয়ে বলেন মুসলিম পাড়া সহ দরিদ্র এলাকার জনগোষ্ঠীর জন্য ড্রেনের উপর স্লাব দেওয়া, ড্রেন নির্মান ও টিউবয়েল(বিশুদ্ধ পানি) দেওয়ার দাবী করেন। TLCC-র আরেক সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছাঃ রুপালী বেগম আলোচনায় অংশ নিয়ে বলেন তালতলা স্কুল পাড়ায় ড্রেন ও বিদ্যুৎ ব্যবস্থা করার দাবী করেন।<br>নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা সুলতানা আরা রত্না আলোচনায় অংশ নিয়ে বলেন আগামী ইং ২০১৭-২০১৮ সনে জেন্ডার এ্যাকশান প্ল্যান বাস্তবায়নের জন্য ১৫,২০০০০/-টাকা বাজেট বরাদ্দ আছে। আমরা আগামীতে বাজেট বরাদ্দ অনুযায়ী জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নে সচেষ্ট থাকবো।<br>দাবীর প্রেক্ষিতে সভাপতি মহোদয় জানান প্রকল্পের অনুমোদন এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অনুমোদিত সকল দরিদ্র এলাকাতে উন্নয়ন কার্যক্রম শুরু করা হলে অনেক সমস্যার সমাধান হবে।<br>বিস্তারিত আলোচনার পর দরিদ্র ও নারী জনগোষ্টির আর্থ-সামাজিক উন্নয়নে প্রকল্প গ্রহনের জন্য প্রকল্প অফিসের সাথে যোগাযোগ করতে মেয়র মহোদয়কে অনুরোধ জানানো হয়। | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা সুলতানা আরা রত্না আলোচনায় অংশ নিয়ে বলেন চলতি ইং ২০১৭-২০১৮ সনে জেন্ডার এ্যাকশান প্ল্যান বাস্তবায়নের জন্য ১৫,২০০০০/-টাকা বাজেট বরাদ্দ আছে।<br>তিনি আরো জানান অক্টোবর-ডিসেম্বর/১৭ ত্রৈমাসিকে নিম্ন লিখিত খাতে মোট ১,০১,১৭৫/- টাকা ব্যয় হয়েছে। ব্যয় বিবরণী নিম্নরুপ-<br>• আর্থ-কর্মসংস্থানের জন্য নারীদের সেলাই প্রশিক্ষন প্রদান বাবদ খরচ ১৫,০০০/-টাকা<br>• অসহায় ও দরিদ্র মহিলাদের মাঝে রিং-স্লাব বিতরন বাবদ ৮৩,৪৭৫/-টাকা।<br>• GAP এর মাসিক সভা বাবদ ব্যয় ২৭০০/-টাকা<br>নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা সুলতানা আরা রত্না আলোচনায় অংশ নিয়ে বলেন আগামী ইং ২০১৭-২০১৮ সনে জেন্ডার এ্যাকশান প্ল্যান বাস্তবায়নের জন্য ১৫,২০০০০/-টাকা বাজেট বরাদ্দ আছে। আমরা আগামীতে বাজেট বরাদ্দ অনুযায়ী জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নে সচেষ্ট থাকবো। | TLCC-র অন্যতম সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছাঃ রিপা খাতুন আলোচনায় অংশ নিয়ে বলেন দরিদ্র এলাকার জনগোষ্ঠীর জন্য ড্রেনের উপর স্লাব দেওয়া, ড্রেন নির্মান ও টিউবয়েল(বিশুদ্ধ পানি) দেওয়ার দাবী করেন।<br>TLCC-র আরেক সদস্য মোছাঃ নুরুন্নাহার কাকলি আলোচনায় অংশ নিয়ে বলেন বস্তি এলঅকায় ড্রেন ও বিদ্যুৎ ব্যবস্থা করা সহ স্বাস্থ্য সম্মত পায়খানা সরবরাহ করার দাবী করেন।<br>নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা সুলতানা আরা রত্না আলোচনায় অংশ নিয়ে বলেন আগামী ইং ২০১৭-২০১৮ সনে জেন্ডার এ্যাকশান প্ল্যান বাস্তবায়নের জন্য ১৫,২০০০০/-টাকা বাজেট বরাদ্দ আছে। আমরা আগামীতে বাজেট বরাদ্দ অনুযায়ী জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নে সচেষ্ট থাকবো।<br>দাবীর প্রেক্ষিতে সভাপতি মহোদয় জানান প্রকল্পের অনুমোদন এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অনুমোদিত সকল দরিদ্র এলাকাতে উন্নয়ন কার্যক্রম শুরু করা হলে অনেক সমস্যার সমাধান হবে।<br>বিস্তারিত আলোচনার পর দরিদ্র ও নারী জনগোষ্টির আর্থ-সামাজিক উন্নয়নে প্রকল্প গ্রহনের জন্য প্রকল্প অফিসের সাথে যোগাযোগ করতে মেয়র মহোদয়কে অনুরোধ জানানো হয়। | চেয়ার পার্সন এবং সাচিবিক দায়িত্ব প্রাপ্ত নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ৯ | খ) **দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)** | - দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত করা ও সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত হয়।<br>TLCC এর সম্মানিত সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছাঃ রুমা বেগম, মোছাঃ রুপালী বেগম ও রিপা বেগম বলেন আমাদের এলাকায় আরও কিছু রিং স্লাব ,রাস্তা,ড্রেন নির্মাণ করা দরকার।<br>মেয়র মহোদয় আলোচনায় অংশ নিয়ে বলেন আপনাদের চাহিদা অনেকাংশে সমাধান হবে বস্তি উন্নয়নের কাজ শুরু হলে। তিনি পরবর্তিতে প্রত্যেক ওয়ার্ডেই আরও কিছু রিং-স্লাব প্রদানের ব্যবস্থা করবেন বলে সভাকে আশ্বস্ত করেন।<br>PRAP বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে PMO তে প্রেরণ করা হবে। | দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব কে এম আব্দুস সবুর খান বলেন উক্ত কমিটির মাসিক সভা নিয়মিত করা হয় এবং সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন করা হয়।<br>PMO হতে অর্থ বরাদ্দ পাওয়া গেলে অনুমোদিত ০৪টি বস্তিতে বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা হবে।<br>অত:পর আলোচনাকালে বস্তি উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির মাধ্যমে স্বাস্থ্য সেবা, সেনিটেশন,বিশুদ্ধ পানি সরবরাহ, আর্থিক সাহায্য, ঢেউটিন বিতরন, বস্ত্র বিতরণ ফুটপাত ও ড্রেন নির্মান বাবদ ইং ২০১৭-২০১৮ সনে দুস্থ ও অসহায় গরীর মানুষের কিছুটা দুর্দশা লাঘবের জন্য ৩৭,৯৫,১০০/- টকার বাজেট বরাদ্দ ছিল।<br>উক্ত টাকার মধ্যে অক্টোবর-ডিসেম্বর-২০১৭ মাসে নিম্ন-লিখিত খাতসমূহে সর্ব মোট ৮,০৩,৩৫৭/- টাকা ব্যয় করা করেছে।<br>• হত দারিদ্র মানুষদের স্বাস্থ্য সুবিধা দেয়ার জন্যে ঔষধ প্রদান বাবদ খরচ ১,৭১,৬৯৬/- টাকা।<br>• আর্থিক সাহায্য বাবদ ১,৪০,১০০/- টাকা।<br>• বই বিতরন বাবদ ব্যয়- ৩৭,২৫৬/-টাকা।<br>• নলকুপ সরবরাহ বাবদ ৮৩,৯৮৫/-টাকা।<br>• রিং স্লাব বিতরন বাবদ ১,০০,১৭০/-টাকা।<br>• আর্থিক অনুদান ৫১,১০০/-টাকা।<br>• বর্জ্য অপসারন ও পরিচ্ছন্নতা বাবদ ২,১৯,০৫০/- | - দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত করা ও সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত হয়।<br>TLCC এর সম্মানিত সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছাঃ রিপা খাতুন, মোছাঃ রুপালী বেগম ও রিপা বেগম বলেন আমাদের এলাকায় বস্তি উন্নয়নের কাজ কবে শুরু হবে।<br>প্যানেল মেয়র এবং নির্বাহী প্রকৌশলী আলোচনায় অংশ নিয়ে বলেন আপনাদের বস্তি উন্নয়নের কাজ প্রকল্প অফিস হতে আদেশ পাওয়া মাত্রই কাজ শুরু হবে। এবং অচিরেই হত দরিদ্রদেও মাঝে স্বাস্থ্য সম্মত রিং-স্লাব বিতরন করা হবে।<br>PRAP বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে PMO তে প্রেরণ করা হবে। | চেয়ার পার্সন এবং সাচিবিক দায়িত্ব প্রাপ্ত দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি |
| ১০. | গ) বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বস্তি উন্নয়ন কমিটি (SIC) গঠন | প্রকল্প কর্তৃক অনুমোদিত ০৪ টি বস্তির SIC মনিটরিং রিপোর্ট PMO-র নির্দেশনা মোতাবেক প্রনয়নের কাজ শেষ হয়েছে । অচিরেই PMO অফিসে প্রেরণ করা হবে।<br>এছাড়াও প্রকল্প কর্তৃক অনুমোদিত ০৪ টি বস্তির চাহিদা অনুযায়ী CAP প্রস্তুত করা হয়েছে। অচিরেই PMO-তে প্রেরন করা হবে। অনুমোদন পাওয়া গেলে ০৪ টি বস্তির উন্নয়ন মুলক কাজ করা হবে। | প্রকল্প কর্তৃক অনুমোদিত ০৪ টি বস্তির SIC মনিটরিং রিপোর্ট PMO-র নির্দেশনা মোতাবেক প্রনয়নের কাজ শেষ হয়েছে । অচিরেই PMO অফিসে প্রেরণ করা হবে।<br>প্রকল্প কর্তৃক অনুমোদিত ০৪ টি বস্তির চাহিদা অনুযায়ী CAP প্রস্তুত করা হয়েছে। অচিরেই PMO-তে প্রেরন করা হবে। | প্রকল্প কর্তৃক অনুমোদিত ০৪ টি বস্তির SIC মনিটরিং রিপোর্ট PMO-র নির্দেশনা মোতাবেক প্রনয়নের কাজ শেষ হয়েছে । এবং PMO অফিসে প্রেরণ করা হয়েছে।<br>এছাড়াও প্রকল্প কর্তৃক অনুমোদিত ০৪ টি বস্তির চাহিদা অনুযায়ী CAP প্রস্তুত করে PMO-তে প্রেরন করা হয়েছে। অনুমোদন পাওয়া গেলে ০৪ টি বস্তির উন্নয়ন মুলক কাজ করা হবে। | সভাপতি/বস্তি উন্নয়ন কর্মকর্তা |

**ক্ষেত্র নং - ৪। স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি (Enhancement of Local Resource Mobilization)**

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১১. | ক) হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ | TLCC এর সদস্য জনাব মোঃ নাসির আহাদ জোয়ার্দ্দার ও প্রফেসর জনাব মো ঃ মাহাবুবর রহমান সেলিম ১০০% পৌরকর আদায় করা যায় সে বিষয়ে TLCC এর সকল সদস্যদের | আলোচনার শুরুতে অত্রপৌরসভার সচিব সাহেব জানান ইং ২০১৭-২০১৮ অর্থ বছরের পৌরকরের মোট দাবী ছিল ৪,০০০৩,৩৫৪/- | TLCC এর সদস্য জনাব মোঃ নাসির আহাদ জোয়ার্দ্দার, মোছা ঃ নুরুন্নাহার কাকলি ১০০% পৌরকর আদায় করা যায় সে বিষয়ে TLCC এর | সচিব /ট্যাক্স শাখা |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আলোকপাত করেন এবং আাদায় কার্যক্রমে তাদেরকে সম্পৃক্ত করার অনুরোধ করেন। এবং পৌরকর আদায়ের কর্ম-পরিকল্পনা প্রস্তুত করার আহবান জানান।<br>অত:পর সভাকে জানানো হয় বকেয়া ও চলতি পৌরকর ১০০% আদায়ের লক্ষ্যে ইতোমধ্যে কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছিল কিন্তু আশানুরুপ সাড়া না পাওয়ায় ইং২০১৬-২০১৭ সনে পৌরকর আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি।<br>সভাকে আরো জানানো হয় কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ইং ২০১৭-২০১৮ সন অর্থাৎ জুলাই/২০১৭ হতে টিমের মাধ্যমে প্রতিটি ওয়ার্ডের গুরুত্বপূর্ণ মহল্লায় ক্যাম্প করে এবং মাইকিং, পত্রিকায় বিজ্ঞাপন ও ভ্রাম্যমান টিম দিয়ে পৌর কর আদয় কার্যক্রম অব্যহত রাখা হবে।<br>অত:পর সভার সভাপতি মহোদয় কর শাখার সকল আদায়কারীকে আগামী ইং ২০১৭-২০১৮ অর্থ-বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী পৌর কর আদায়ের লক্ষ্য মাত্রা অর্জনের জন্য নির্দেশ দেন এবং TLCC সদস্যবৃন্দদের পৌরকরের বড় বড় খেলাপিদের নামের তালিকা হস্তান্তরের নির্দেশ প্রদান করেন এবং মহল্লা ভিত্তিক আদায় কার্যক্রমে TLCC সদস্যদের সম্পৃক্ত করার নির্দেশ দেন। সেই সাথে পৌরসভার উন্নয়নে সকলকে পৌরকর পরিশোধ করার বিনীত অনুরোধ করেনএবং সকলের সহযোগীতা কামনা করেন। | টাকা।<br>তন্মধ্যে অক্টোবর-ডিসেম্বর-১৭ মাসের ত্রৈমাসিকে সরকারী ও বেসরকারী মোট পৌরকর আদায়ের পরিমান ৬৬,৮৯,১৪৫/-টাকা।<br>সভার সিদ্ধান্ত মোতাবেক আদায় বৃদ্ধির লক্ষ্যে সমস্ত পৌর এলাকায় মাইকিং, ক্যাম্পেইন, কর খেলাপিদের নেটিশ প্রদান এবং মহল্লায় মহল্লায় টিম প্রেরনের মাধ্যমে পৌরকর আদায় পরিচালনা করা হচ্ছে। | সকল সদস্যদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আলোকপাত করেন এবং আাদায় কার্যক্রমে তাদেরকে সম্পৃক্ত করার অনুরোধ করেন। এবং পৌরকর আদায়ের কর্ম-পরিকল্পনা প্রস্তুত করার আহবান জানান।<br>সভাকে আরো জানানো হয় কর্মপরিকল্পনা অনুযায়ী আদায় টিমের মাধ্যমে প্রতিটি ওয়ার্ডের গুরুত্বপূর্ণ মহল্লায় ক্যাম্প করে এবং মাইকিং, পত্রিকায় বিজ্ঞাপন ও ভ্রাম্যমান টিম দিয়ে পৌর কর আদয় কার্যক্রম অব্যহত রাখা হবে।<br>অত:পর সভার সভাপতি মহোদয় কর শাখার সকল আদায়কারীকে আগামী ইং ২০১৭-২০১৮ অর্থ-বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী পৌর কর আদায়ের লক্ষ্য মাত্রা অর্জনের জন্য নির্দেশ দেন। মহল্লা ভিত্তিক আদায় কার্যক্রমে TLCC সদস্যদের সম্পৃক্ত বজায় রাখার নির্দেশ দেন। সেই সাথে পৌরসভার উন্নয়নে সকলকে পৌরকর পরিশোধ করার বিনীত অনুরোধ করেনএবং সকলের সহযোগীতা কামনা করেন। | |
| ১২. | খ) পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ হোল্ডিং ট্যাক্স ব্যাতীত | TLCC এর সদস্য জনাব নাসির আহাদ জোয়ার্দ্দার আলোচনায় অংশ নিয়ে বলেন পৌরসভার বর্ধিত ব্যয় নির্বাহ করতে হলে এবং উন্নয়ন অব্যাহত রাখতে হলে হাট-বাজার ইজারার টাকা যথা সময়ে আদায় সহ পৌরকর আদায়ের পাশাপাশি রেল বাজার মাছের আড়ৎ, সাইকেল ষ্ট্যান্ড ইজারা প্রদানে আইনী জটিলতা দ্রুত অপসারন সহ অটো রিক্সার উপর ট্যাক্স আরোপ করে রাজস্ব আদায় বৃদ্ধি করার বিষয়ে গুরুত্বারোপ করেন।<br>সভাপতি মহোদয় এ বিষয়ে পদক্ষেপ গ্রহনে সংশ্লিষ্ট শাখাকে নির্দেশ দেন এবং আগামী সভায় তা উপস্থাপনের সিদ্ধান্ত হয়। | রাজস্ব আদায় বৃদ্ধির বিষয়ে আলোচনাকালে নো হয় ইং ২০১৭-২০১৮ অর্থ বছরে কর ব দাবীর পরিমান ৩,১০,৬৯০০০/- টাকা।<br>তন্মধ্যে চলতি কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর/১৭) এ আদায় হয়েছে ৫৫,৬০,৭১২ /- টাকা।<br>করবর্হিভূত রাজস্ব আদায় সন্তোষ জনক না হওয়ায় সভায় ক্ষোভ প্রকাশ করা হয়। | TLCC এর সদস্য জনাব নাসির আহাদ জোয়ার্দ্দার আলোচনায় অংশ নিয়ে বলেন পৌরসভার বর্ধিত ব্যয় নির্বাহ করতে হলে এবং উন্নয়ন অব্যাহত রাখতে হলে হাট-বাজার ইজারার টাকা যথা সময়ে আদায় সহ অটো রিক্সার উপর ট্যাক্স আরোপ করে রাজস্ব আদায় বৃদ্ধি করার বিষয়ে গুরুত্বারোপ করেন।<br>TLCC এর সদস্য ও কাউন্সিলর জনাব মো ঃ জাহাঙ্গীর আলম, মো ঃ সিরাজুল ইসলাম মনি, নাসির আহাদ জোয়ার্দ্দার পৌরসভার রাজস্ব আদায় বৃদ্ধির জন্য অটোরিক্সার উপর ফিস নিধারণ করে আদায়ের ব্যবস্থা নেওয়ার জন্য মেয়র সাহেবকে অনুরোধ করেন।<br>সভাপতি মহোদয় এ বিষয়ে পদক্ষেপ গ্রহনে সংশ্লিষ্ট শাখাকে নির্দেশ দেন এবং আগামী সভায় তা উপস্থাপনের সিদ্ধান্ত হয়। | সচিব/ সাধারন শাখা/লাইসেন্স শাখা |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১৩. | গ) কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন | - কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থা এবং কম্পিউটারে বিল প্রস্তুত করার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়। পৌরকরের ত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত হয়।<br>প্রতি কোয়ার্টারে কম্পিউটারাইজড বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট উক্ত বিল প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>আদায় প্রতিবেদন প্রকল্প অফিসেপ্রেরনেরও সিদ্ধান্ত হয়। | অক্টোবর-ডিসেম্বর/২০১৭ ত্রৈমাসিকে ১০,৭৭০ টি ট্যাক্স বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট পৌছানো হয়। এর মধ্যে ২২৭৮ জন গ্রাহক পৌরকর পরিশোধ করেছে। পৌরকর আদায়ের পরিমান ৬৬,৮৯,১৪৫/-টাকা।<br>পৌরকরের ত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করা হয়েছে।<br>TLCC এর সম্মানিত সদস্যবৃন্দ পৌরকর আদায়ের হার বৃদ্ধির জন্য সকলকে আন্তরিক হওয়ার অনুরোধ জানান। | কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থা এবং কম্পিউটারে বিল প্রস্তুত করার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়। পৌরকরের ত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত হয়।<br>প্রতি কোয়ার্টারে কম্পিউটারাইজড বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট উক্ত বিল প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>আদায় প্রতিবেদন প্রকল্প অফিসেপ্রেরনেরও সিদ্ধান্ত হয়। | **ট্যাক্স কালেকটর** |
| ১৪. | ঘ) পানির বিল নির্ধারণ ও সংগ্রহ | TLCC এর সম্মানিত সদস্য জনাব মো ঃ নাসির আহাদ জোয়ার্দ্দার পৌর সভার সরবরাহকৃত পানির লাইন নিয়মিত ওয়াশ করা এবং বহুতল ভবনের মালিকগন পৌরসভার পানির লাইন কেটে নিজস্ব মটর ব্যবহার করে পানি তুলছে এদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে জানতে চান।<br>পানি তত্বাবধায়ক জনাব এএইচএম সাহীদুর রশীদ বলেন প্রতিনিয়ত পানির ওয়াস-আউট নিয়মিত পরিষ্কার করা হচ্ছে। তিনি আরও জানান পানিশোধনাগার নির্মান কাজ শেষ হলে সকল গ্রাহক সরবরাহকৃত পানি সরাসরি পান করতে পারবেন। তিনি সভাকে জানান UGIIP-III প্রকল্প হতে পানি সরবরাহ উন্নত প্রকল্প অনুমোদন পাওয়া গেছে। পানি সরবরাহ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হলে পানি সংকট থাকবে না।<br>পরিশেষে মাননীয় মেয়র সভাকে জানান যে সমস্ত গ্রাহক গন পৌরসভার পানির লাইন বিচ্ছিন্ন করে নিজস্ব টিউবয়েল ব্যবহার করে পানি তুলছে তাদের বিষয়ে কি ব্যবস্থা নেওয়া যায় সে বিষয়ে আমরা নিজেরা আলোচনা করে পরবর্তি সভায় জানানো হবে। | ইং ২০১৭-২০১৮ অর্থ বছরের পানি শাখার চলতি ও বকেয়া সহ মোট দাবীর পরিমান ২,২১,৮৪.০০০/-টাকা।<br>অক্টোবর-ডিসেম্বর/১৭ মাসের ত্রৈমাসিক সর্বমোট আদায়ের পরিমান ৩১,৪৩,৩৯১/-টাকা।<br>পানি শাখার তত্বাবধায়ক জনাব এএইচএম সাহীদুর রশীদ জানান পানির লাইন সম্প্রসারন, মিটার স্থাপন,পাম্প স্থাপন এবং ওভারহেড ট্যাঙ্ক স্থাপনের জন্য ইউজিআইআইপি-৩ প্রকল্পে প্রকল্প দাখিল করা হয়েছিল যার অনুমোদন পাওয়া গেছে। অচিরেই কার্যাদেশ দেওয়া হইবে। প্রকল্পের কাজ বাস্তবায়ন হলে তখন পানি সরবরাহ ব্যাবস্থার সকল সমস্যা লাঘব হবে। তিনি আরো জানান বকেয়া পানির বিল আদায়ের জন্য সার্বিক প্রচেষ্টা অব্যাহত আছে। | TLCC এর সম্মানিত সদস্য সাবেক অধ্যক্ষ জনাব এস এম ইস্রাফিল, মো ঃ নাসির আহাদ জোয়ার্দ্দার ও জনাবা মোছা ঃ নুরুন্নাহার কাকলি পৌর সভার সরবরাহকৃত পানির লাইন নিয়মিত ওয়াশ করা এবং বহুতল ভবনের মালিকগন পৌরসভার পানির লাইন কেটে নিজস্ব মটর ব্যবহার করে পানি তুলছে এদের বিরুদ্ধেক ব্যবস্থা নিতে অনুরোধ জানান। এবং বর্তমানে সরবরাহকৃত পানির কোন সমস্যা না থাকায় মেয়র সাহেবকে ধন্যবাদ জানান।<br>পানি তত্বাবধায়ক জনাব এএইচএম সাহীদুর রশীদ বলেন প্রতিনিয়ত পানির ওয়াস-আউট নিয়মিত পরিষ্কার করা হচ্ছে। তিনি আরও জানান পানিশোধনাগার নির্মান কাজ শেষ হলে সকল গ্রাহক সরবরাহকৃত পানি সরাসরি পান করতে পারবেন। তিনি সভাকে জানান UGIIP-III প্রকল্প হতে পানি সরবরাহ উন্নত প্রকল্প অনুমোদন পাওয়া গেছে এবং দরপত্র আহব্বান প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। পানি সরবরাহ ব্যবস্থা বাস্তবায়িত হলে পানি সংকট থাকবে না। | ওয়াটার সুপার |

ক্ষেত্র ৫। আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা (**Financial Management, Accountability and Sustainability**)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১৫. | ক) অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভা বার্ষিক বাজেট প্রণয়ন (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)। | ইং ২০১৫-২০১৬ অর্থ বছর ইতোমধ্যে শেষ হয়েছে। অর্থ বছর শেষ হওয়ায় পৌর তহবিল ব্যয়ের স্বচ্ছতাও জবাবদিহিতার জন্য সকল আয় ও ব্যয় সংক্রান্ত নথি-পত্র নিরীক্ষার উপযোগী করে রাখার জন্য হিসাব রক্ষণ কর্মকর্তাকে নির্দেশনা দেওয়া এবং<br>আগামী ইং ২০১৭-২০১৮ সন অর্থাৎ জুলাই/২০১৭ হতে টিমের মাধ্যমে প্রতিটি ওয়ার্ডের গুরুত্বপূর্ণ মহল্লায় ক্যাম্প এবং মাইকিং, সচেতনতামুলক র‍্যালি, উঠান বৈঠক, কর খেলাপীদের নামে গুরুত্ব স্থানে পোষ্টারিং, পত্রিকায় বিজ্ঞাপন ও ভ্রম্যমান টিম দিয়ে পৌর কর আদয় কার্যক্রম কর্মপরিকল্পনা অব্যহত রাখার জন্য কর আদয়ি শাখা ও ট্রেড-লাইসেন্স পরিদর্শককে পরামর্শ দেওয়া এবং হাট-বাজার ইজারার অর্থ যথাসময়ে আদায়ের বিষয়ে মেয়র মহোদয়ের হস্তক্ষেপ কামনা করে সংশ্লিষ্ট সকলকে অধিকতর দায়িত্বশীল হওয়ার পরামর্শ দেওয়া হয়। | ইতোমধ্যে পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা, সহকারী প্রকৌশলী(পানি), লাইসেন্স পরিদর্শক, বিল-ক্লার্ক, হিসাব সহকারী, আদায়কারী, সহকারী এসেসর, কম্পিউটার অপারেটরদের গত ইং ২০-১২-২০১৭ তারিখ কম্পিউটারের উপর On the Job Traning on Use of Differnt Software ট্রেনিং দেওয়া হয়েছে। | অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটি ইং ০৭-১২-২০১৭ তারিখ পৌরসভার সকল কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কম্পিউটার অপারেটরদের প্রকল্পের মাধ্যমে Software প্রশিক্ষণ প্রদানের জন্য প্রকল্প পরিচালক মহোদয়কে অনুরোধ করা হয়। | মেয়র/সচিব/হিসাব রক্ষন কর্মকর্তা |
| ১৬. | খ) অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | প্রকল্পের নির্দেশনা অনুযায়ী চলতি অর্থবছর অর্থাৎ ২০১৭-১৮ অর্থ বছর শেষ হওয়ার পর আর্থিক বিবরণী প্রস্তুত সহ ০৩ মাসের মধ্যে 'অডিট এ্যান্ড একাউন্টস' স্থায়ী কমিটি কর্তৃক অডিট সম্পূর্ণ করে প্রতিবেদন সেপ্টেম্বর/১৮ মাসের মধ্যে মেয়রের নিকট উপস্থাপন ও PMO তে প্রেরণ করা হবে। | হিসাব শাখার আয় ও ব্যয় সঠিক ভাবে হচ্ছে কিনা এবং জুলাই-নভেম্বর-১৭ মাসের আয় ও ব্যয় নিয়ে গত ইং ১৩-১২-২০১৭ তারিখে সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মেয়র চুয়াডাঙ্গা পৌরসভার নিকট উপস্থাপন করা হয়। | হিসাব শাখার আয় ও ব্যয় সঠিক ভাবে হচ্ছে কিনা এবং জুলাই-নভেম্বর-১৭ মাসের আয় ও ব্যয় নিয়ে গত ইং ১৩-১২-২০১৭ তারিখে সভা অনুষ্ঠিত হয়। সভায় কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য প্রকল্প পরিচালককে কম্পিউটারের উপর প্রশিক্ষণ দেওয়ার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করা হয়। | সভাপতি, অডিট এ্যান্ড একাউনটস বিষয়ক স্থায়ী কমিটি/ হিসাব শাখা/ হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ১৭. | গ) কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন | প্রতি মাসের শেষে Receipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন এবং যথা সময়ে PMO তে প্রেরণ করার বিষয়ে সিদ্দান্ত গৃহীত হয়। | অক্টোবর-ডিসেম্বর ২০১৭ ইং মাসের কম্পিউটারাইজড হিসাব প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।<br>অক্টোবর-ডিসেম্বর ২০১৭, মাসের Receipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন করা হয়েছে এবং ইং ০৬-০১-২০১৮ তারিখের মধ্যে PMO তে প্রেরণ করা হবে। | প্রতি মাসের শেষে Receipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন এবং যথা সময়ে PMO তে প্রেরণ করার বিষয়ে সিদ্দান্ত গৃহীত হয়। | **হিসাব রক্ষণ কর্মকর্তা** |
| ১৮. | ঘ) বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ | প্রতিমাসে বিদ্যুৎ বিল প্রাপ্তি নিশ্চিত করে উক্ত বিল নিয়মিত পরিশোধ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | জুলাই-ডিসেম্বর ২০১৭ মাস পর্যন্ত সর্বমোট বিদ্যুৎ বিল পাওয়া গেছে ৩২,৬৪,১৯৭/-টাকা তন্মধ্যে পরিশোধ করা হয়েছে ২১,০৩,০১৬/-টাকা। | পানি সরবরাহ শাখার অবশিষ্ট ১১,৬১,১৮১/-টাকার বিদ্যুৎ বিল অচিরেই পরিশোধ করা হবে। | মেয়র, সচিব ও নির্বাহী প্রকৌশলী |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | অক্টোবর-ডিসেম্বর/২০১৭ মাস পর্যন্ত সর্বমোট টেলিফোন বিল পাওয়া গেছে ৪,৫৩০/-টাকা এবং সম্পূর্ণরূপে পরিশোধ করা হয়েছে। কোন বকেয়া বিল নাই। পরিশোধের হার ১০০%। এ ধারা অব্যহত থাকবে। | | |
| ১৯. | ঙ) স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন | স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | ইতোমধ্যে পৌরসভার স্থায়ী সম্পদের তালিকা হালনাগাদ করা চলমান আছে। হালনাগাদ তথ্যাদিতে পৌরসভার ভূ-সম্পত্তি, ভবনাদি, যানবাহন, পানি সরবরাহ শাখার সম্পদসহ পৌরসভার রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ও ড্রেনের তথ্যাদি সংযোজন করা হয়েছে। এ ধারা অব্যাহত থাকবে। | স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র/সচিব /নির্বাহ প্রকৌশলীনগর পরিকল্পনাবিদ/প্রশাসনিক কর্মকর্তা |
| ২০. | চ) সকল সরকারি ঋণ পরিশোধ করা | **BMDF** এর বকেয়া সহ পাওনা কিস্তি আগামী ডিসেম্বর/১৭ এর মধ্যে পরিশোধ করা হবে। | **BMDF** সংস্থা থেকে ঋণের কিস্তি অক্টোবর-ডিসেম্বর/২০১৭ পর্যন্ত ১টি কিস্তি বাবদ (**১৮তম**) ২,০৯,০৯৪/-টাকা পরিশোধ করা হয়েছে। তবে ১৯ তম কিস্তির টাকা বকেয়া রয়েছে। | **BMDF** এর বকেয়া সহ পাওনা কিস্তি আগামী জানুয়ারি-মার্চ/১৮ এর মধ্যে পরিশোধ করা হবে। | মেয়র, সচিব ও হিসাব রক্ষণ কর্মকর্তা |

**ক্ষেত্র ৬। প্রশাসনিক স্বচ্ছতা (Administrative Transparency)**

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ২১. | ক) স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | আগামী অক্টোবর-ডিসেম্বর/২০১৭ ইং কোয়ার্টারের সকল স্থায়ী কমিটির সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌরসভা আইন,২০০৯ এর ৫৫ ধারা অনুযায়ী পৌরসভায় ১৩টি স্থায়ী কমিটি আছে। কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হয়। উক্ত স্থায়ী কমিটি সমুহের অক্টোবর-ডিসেম্বর/২০১৭ মাসের সকল মাসিক সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভা সমূহের কার্যবিবরনী তৈরী করে PMOঅফিসে প্রেরণ করা হবে। | আগামী জানুয়ারি-মার্চ/২০১৮ ইং কোয়ার্টারের সকল স্থায়ী কমিটির সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র ও সচিব/সহকারী প্রকৌশলী/ প্রশাসনিক কর্মকর্তা |
| ২২. | খ) সকল প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নে অংশগ্রহণ ও সহায়তা প্রদান নিশ্চিতকরণ (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৪ ধারা) | নির্বাচিত প্রতিনিধি এবং পৌরসভার কর্মকর্তা-কর্মচারী ও বিভিন্ন কমিটির সদস্যদের কে আগামীতে প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য প্রকল্প পরিচালক ও মেয়র মহোদয়কে অনুরোধ করা হয়। | প্রকল্পের আওতায় পৌরসভার ০৮ জন কর্মকর্তা/কর্মচারীকে On the Job Traning on Use of Different Software এর উপর ২০-১২-২০১৭ তারিখে প্রশিক্ষন দেওয়া হয়েছে। আগামী কোয়াটারের মধ্যে প্রয়োজন মাফিক প্রশিক্ষনের ব্যাবস্থা করা হবে। | নির্বাচিত প্রতিনিধি এবং পৌরসভার কর্মকর্তা-কর্মচারী ও বিভিন্ন কমিটির সদস্যদের কে আগামীতে প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য প্রকল্প পরিচালক ও মেয়র মহোদয়কে অনুরোধ করা হয়। | মেয়র ও সচিব/প্রশাসনিক কর্মকর্তা |
| ২৩. | গ) সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IIT ব্যবহার | অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন ও বিতরন অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়। পৌরসভার ওয়েবসাইট হালনাগাদ করার কাজ চলমান রাখা হয়েছে। আগামী ১০- | অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন করা ও বিতরন করা চলমান আছে। বর্তমানে এই কার্যক্রমের আওতায় কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়ার চলমান আছে। চুয়াডাঙ্গা পৌরসভার ওয়েবসাইট | অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন ও বিতরন অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়। পৌরসভার ওয়েবসাইট হালনাগাদ করার কাজ চলমান রাখা হয়েছে। আগামী ০৯-০১-২০১৮ | মেয়র ও সচিব/প্রশাসনিক কর্মকর্তা |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | ১০-২০১৭ তারিখের মধ্যে পৌরসভার ওয়েবসাইট হালনাগাদ করা হবে। | খোলা হয়েছে যাহার ঠিকানা নিম্নরুপ যেমন- www.chuadanga.org.com বর্ণিত ওয়েব সাইটেপৌরসভার সকল তথ্য সন্নিবেশিত আছে। | তারিখের মধ্যে পৌরসভার ওয়েবসাইট হালনাগাদ করা হবে। | |

**ক্ষেত্র ৭। পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা (Keeping Essential Pourashava Services Functional)**

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ২৪. | ক) বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা | আলোচনা কালে TLCC মো ঃ নাসির আহাদ জোয়ার্দার ও দরিদ্র শ্রেনীর প্রতিনিধী রাবেয়া খাতুন শহরের পরিচ্ছন্ন কার্যক্রম আরও জোরদার করা সহ হকপাড়ায় ০২ টা ডাস্ট-বিন দেওয়ার অনুরোধ জানান। TLCC-র সদস্য প্রফেসর জনাব মো ঃ মাহাবুবর রহমান সেলিম নুর নগর পুকুর পাড়ে ডাস্ট-বিন নির্মান করার প্রস্তাব করেনে। জবাবে নির্বাহী প্রকৌশলী জানান আপনারা জায়গা দিলে আমরা অবশ্যই ডাস্ট-বিন নির্মান করে দেব। বর্জ্য আবর্জনা ফেলার জায়গা নতুন করে অধিগ্রহনের কার্যক্রম তৃরান্বিত করতে মেয়র মহোদয়কে অনুরোধ করা হয়। | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কর্ম-পরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। নিয়মিত বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনার জন্য ২০১৭-২০১৮ অর্থ বছরে ৩৭,২০,৫০০/- টাকা বাজেট বরাদ্দ আছে। তন্মধ্যে অক্টোবর-ডিসেম্বর-২০১৭ মাসে ব্যয় হয়েছে ৮,৭১,৯০৫/- টাকা। বর্জ্য আবর্জনা ফেলার জায়গা নতুন করে অধিগ্রহনের কার্যক্রম তৃরান্বিত করতে জেলা প্রশাসক মহোদয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করার জন্য মেয়র চুয়াডাঙ্গাকে অনুরোধ করা হয়। | আলোচনা কালে TLCC মো ঃ নাসির আহাদ জোয়ার্দার ও দরিদ্র শ্রেনীর প্রতিনিধী রুমা বেগম শহরের পরিচ্ছন্ন কার্যক্রম আরও জোরদার করা সহ বস্তি উন্নয়নের কাজ কবে নাগাদ হবে জানতে চান। এবং জনাব মো ঃ আলী আহাম্মদ ও নুরুন্নাহার কাকলি বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠভাবে হওয়ায় পৌরসভাকে ধন্যবাদ জানান। TLCC-র সদস্য প্রফেসর জনাব মো ঃ মাহাবুবর রহমান সেলিম নুর নগর পুকুর পাড়ে ডাস্ট-বিন নির্মান করার প্রস্তাব করেনে। জবাবে নির্বাহী প্রকৌশলী জানান আপনারা জায়গা দিলে আমরা অবশ্যই ডাস্ট-বিন নির্মান করে দেব। বর্জ্য আবর্জনা ফেলার জায়গা নতুন করে অধিগ্রহনের কার্যক্রম তৃরান্বিত করতে মেয়র মহোদয়কে অনুরোধ করা হয়। | মেয়র /সচিব/নির্বাহী প্রকৌশলী/কন্জার ভেন্সী পরিদর্শক |
| ২৫ | খ) ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষণ | TLCC-র অন্যতম সদস্য মো ঃ নাসির আহাদ জোয়ার্দার কোট রোড থেকে ষ্টেশন পর্যন্ত ড্রেনের উপর স্লাব দেওয়া সহ ড্রেন নিয়মিত পরিস্কার রাখার জন্য পরার্মশ দেন। এছাও TLCC-র অন্যতম সদস্য বস্তি উন্নয়ন কমিটির সদস্য মোছাঃ রুমা বেগম, রুপালি বেগম অবহেলিত রাস্তায় অতি দ্রুত ড্রেন নির্মানের জন্য অনুরোধ করেন। TLCC-র সদস্য মোছাঃ রাবেয়া খাতুন টিএন্ডটি রোডের ড্রেন দ্রুততার সাথে পরিস্কার করার আবেদন করেন। এছাও TLCC-র সদস্য মোঃ মতিয়ার রহমান ও প্রফেসর জনাব মো ঃ মাহাবুবর রহমান সেলিম তাঁর এলাকায় নতুন ড্রেন ও রাস্তা হওয়ায় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান এবং উন্নয়নের ধারা অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন। | ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন কার্যক্রম কর্ম পরিকল্পনা মোতাবেক সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষনের জন্য ২০১৭-২০১৮ অর্থ বছরে ৩৭,০১,০০০/-টাকা বাজেট বরাদ্দ ছিল। অক্টোবর-ডিসেম্বর-২০১৭ মাসে ব্যয় হয়েছে ১১,৩১,৮৩২/- টাকা। | TLCC-র অন্যতম সদস্য মো ঃ নাসির আহাদ জোয়ার্দার কোট রোড থেকে ষ্টেশন পর্যন্ত ড্রেন পরিস্কার হয়েছে কিনা জানতে চান। এছাও TLCC-র অন্যতম সদস্য বস্তি উন্নয়ন কমিটির সদস্য মোছাঃ রুিপা খাতুন অবহেলিত রাস্তায় অতি দ্রুত ড্রেন নির্মানের জন্য অনুরোধ করেন। TLCC-র সদস্য প্রফেসর জনাব মো ঃ মাহাবুবর রহমান সেলিম তাঁর এলাকায় নতুন ড্রেন ও রাস্তা হওয়ায় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান এবং উন্নয়নের ধারা অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন। এর পর নির্বাহী প্রকৌশলী সাহেব জানান ০৪ টি বস্তির উন্নয়ন কাজ শুরু হলে বস্তি এলাকার ড্রেন ও রাস্তার সমস্যার সমাধান হবে। এছাড়ও আপনাদের সহযোগীতায় ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যাদি সম্পন্ন করা হচ্ছে। তিনি | মেয়র/নির্বাহী প্রকৌশলী/কন্জার ভেন্সী পরিদর্শক |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/<br>বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ<br>(বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | এর পর নির্বাহী প্রকৌশলী সাহেব জানান ০৪ টি বস্তির উন্নয়ন কাজ শুরু হলে বস্তি এলাকার ড্রেন ও রাস্তার সমস্যার সমাধান হবে। এছাড়ও আপনাদের সহযোগীতায় ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যাদি সম্পন্ন করা হচ্ছে। তিনি আরও বলেন বাজেট বরাদ্দ অনুযায়ী ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন কাজে আরো গতিশীল করা হবে। | | আরও বলেন বাজেট বরাদ্দ অনুযায়ী ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন কাজে আরো গতিশীল করা হবে। | |
| ২৬. | গ) সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা | সড়ক বাতিমেরামত ও সচল রাখার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।<br>পৌর এলাকার যে, সমস্ত মহল্লাতে সড়ক বাতি নাই সে সমস্ত মহল্লাতে সড়ক বাতি স্থাপনের প্রকল্প হতে নেওয়ার সিদদ্ধান্ত হয়।<br>আলোচনা কালে সভাকে জানানো হয় প্রকল্পের ২য় পর্যায়ে প্রকল্পের আর্থিক সহায়তায় ১৮৬টি পোল স্থাপনের কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত হয়। | চাহিদা মোতাবেক প্রয়োজনীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি/মালামাল ক্রয় এবং ১০০% সড়ক বাতি সচল আছে।<br>পৌরসভার ১০০% সড়ক বাতি কার্যকর রাখার নিমিত্তে ২০১৭-২০১৮ অর্থ বছরে ৩৬,০৮০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছিল। অক্টোবর-ডিসেম্বর-২০১৭ মাসে ব্যয় হয়েছে ১১,২৮,২৭১/- টাকা।<br>উল্লেখ্য সড়কবাতি সচল রাখার জন্য চলতি কোয়ার্টারে সাধারণ বাল্ব ২০ টি, রড় লাইট ২৪ টি, এনার্জি বাল্ব ৫৪৫ টি লাগানো হয়েছে।<br>প্রকল্পের আর্থিক সহায়তায় ২.৫০ কিঃমিঃ বিদ্যুঃ লাইন সম্প্রসারণ সহ ১৮৬ টি পোল স্থাপন কাজ সম্পাদন হয়েছে। | সড়ক বাতিমেরামত ও সচল রাখার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।<br>পৌর এলাকার যে, সমস্ত মহল্লাতে সড়ক বাতি নাই সে সমস্ত মহল্লাতে সড়ক বাতি স্থাপনের প্রকল্প হতে নেওয়ার সিদদ্ধান্ত হয়। | মেয়র / নির্বাহী প্রকৌশলী/SAE (বিদ্যুৎ) |
| ২৭. | ঘ) অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকারী করণ | অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কমিটি কর্তৃক সকল মেরামত কার্যাদি Mobile Maintenance Team এর মাধ্যমে বাজেট বরাদ্দের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>TLCC অধিকাংশ সদস্য বর্তমানে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকরি করণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়। এছাড়াও<br>ক) ইং ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট বরাদ্দ অনুসারে অবকাঠামো সমূহ মেরামত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।<br>খ) অবৈধ স্থাপনা চিহ্নিত করন পূর্বক রেজিষ্টারে লিপিবদ্ধ করার সিদ্ধান্ত হয়। | অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team এর কর্ম পরিকল্পনা মোতাবেক মেরামত যোগ্য কার্যাদি সম্পন্নের জন্য পৌরসভার প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখা হয়েছে যা; প্রকৌশল বিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়ন করা হচ্ছে।<br>অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের কাজে অক্টোবর-ডিসেম্বর-২০১৭ কোয়াটারে কোন ব্যয় হয় নি। | অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কমিটি কর্তৃক সকল মেরামত কার্যাদি Mobile Maintenance Team এর মাধ্যমে বাজেট বরাদ্দের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>TLCC অধিকাংশ সদস্য বর্তমানে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকরি করণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়। এছাড়াও<br>ক) ইং ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট বরাদ্দ অনুসারে অবকাঠামো সমূহ মেরামত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।<br>খ) অবৈধ স্থাপনা চিহ্নিত করন পূর্বক রেজিষ্টারে লিপিবদ্ধ করার সিদ্ধান্ত হয়। | মেয়র<br>নির্বাহী প্রকৌশলী |
| ২৮. | ঙ) স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা | স্যানিটেশন বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় ফিকাল স্ল্যাজ ম্যানেজমেন্ট প্ল্যান্ট নির্মানের জন্য ভূমি অধিগ্রহনের নতুন প্রস্তাব কর্তৃপক্ষের নিকট প্রেরন করা | পৌরসভা কর্তৃক স্যানিটেশন বিষয়ক যাবতীয় কার্যক্রম অব্যাহত আছে। এজন্য পৌরসভার প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখা হয়েছে এবং কর্ম পরিকল্পনা অনুযায়ী | স্যানিটেশন বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় ফিকাল স্ল্যাজ ম্যানেজমেন্ট প্ল্যান্ট নির্মানের জন্য ভূমি অধিগ্রহনের নতুন প্রস্তাব কর্তৃপক্ষের নিকট প্রেরন | মেয়র ও সচিব, নির্বাহী প্রকৌশলী |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | হয়েছে। স্যানিটেশন কার্যক্রমের অংশ হিসেবে পৌরসভাধীন সকল গন শৌচাগার, কমিউনিটি টয়লেটসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন করা হচ্ছে। এজন্য আগামী ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে স্যানিটেশন কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়। | পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত আছে। পৌরসভা কর্তৃক স্যানিটেশন ব্যবস্থাপনা অব্যাহত রাখার নিমিত্তে অক্টোবর-ডিসেম্বর-২০১৭ কোয়াটারে ১৩,৩০০/-টাকা ব্যয় হয়েছে। | করা হয়েছে। স্যানিটেশন কার্যক্রমের অংশ হিসেবে পৌরসভাধীন সকল গন শৌচাগার, কমিউনিটি টয়লেটসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন করা হচ্ছে। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে স্যানিটেশন কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়। | |

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মো ঃ একরামুল হক চৌধুরী)
প্যানেল মেয়র-০১
চুয়াডাঙ্গা পৌরসভা।

**স্মারক** নং- চুয়া/পৌঃ/TLCC/২০১৭/১৪৫(৫০) তারিখঃ ৩১-১২-২০১৭ ইং

**অবগতি ও কার্যার্থে অনুলিপি ঃ-**

০১। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, (UGIIP-II), এলজিইডি ভবন, লেভেল-১২, আগারগাঁও, ঢাকা-১২০৭।

০২। জনাব/জনাবা.......................................................................................................................................................সদস্য, TLCC, চুয়াডাঙ্গা পৌরসভা।

০৩। ..................................................................................................................................................................... চুয়াডাঙ্গা পৌরসভা।

(মো ঃ একরামুল হক চৌধুরী)
প্যানেল মেয়র-০১
চুয়াডাঙ্গা পৌরসভা।